



দেয়াল ধসে রূপগঞ্জ নবজাতকের মৃত্যু, মা ও প্রতিবেশী আহত



সংগৃহীত ছবি

রূপগঞ্জে শুক্রবার সকালে ভূমিকম্পের মুহূর্তে একটি দেয়াল ধসে ফাতেমা নামের নবজাতক নিহত হয়েছেন। আহত হয়েছেন তার মা কুলসুম বেগম এবং প্রতিবেশী জেসমিন বেগম।

স্থানীয় সূত্রে জানা গেছে, গোলাকান্দাইল ইউনিয়নের ইসলামবাগ এলাকায় ভূমিকম্প অনুভূত হওয়ার সময় তিনজন সড়কের পাশে অবস্থান করছিলেন। হঠাৎ দেয়াল ধসে তাদের ওপর পড়ে, এতে ঘটনাস্থলেই ফাতেমার মৃত্যু হয়। স্থানীয়রা দ্রুত এগিয়ে এসে মরদেহ উদ্ধার করেন এবং আহতদের নিকটস্থ প্রাইভেট হাসপাতালে ভর্তি করান।

ভুলতা পুলিশ ফাঁড়ির পরিদর্শক মোখলেসুর রহমান জানিয়েছেন, ভূমিকম্পের প্রভাবে দেয়াল ধসে এই দুর্ঘটনা ঘটেছে। তিনি জানান, আহতদের অবস্থাও গুরুতর।

LENS ASIA